



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

গাজীপুর

স্মারক নং: জাতীয়বিঃ/পরীঃ/প্রফেঃ/এমবিএম/২০১৭/৬৪১২

তারিখ : ২৬ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০১৭ খ্রিঃ

## ২০১৪ সালের এমবিএম প্রথম বর্ষ Retake/মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এমবিএম পাঠদানকারী প্রতিষ্ঠানের মহাপরিচালক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪ সালের এমবিএম প্রথম বর্ষ (১ম, ২য় ও ৩য় টার্ম) Retake/মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের পরীক্ষার পরীক্ষার আবেদন ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী সম্পন্ন করা হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন, বিবরণী ফরম ও ফি জমাদানের তারিখ, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো :

### ১। পরীক্ষার্থীর আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম পূরণ ও ফি জমা করার তারিখ :

- |   |                                     |
|---|-------------------------------------|
| ক) পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরম পূরণ ও কলেজে জমা দেয়ার শেষ তারিখ                         | : ১১/০৪/২০১৭ হতে ২০/০৪/২০১৭ পর্যন্ত |
| খ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)                                     | : ২৩/০৪/২০১৭ হতে ২৪/০৪/২০১৭ পর্যন্ত |
| গ) Pay Slip, ফি বিবরণী, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় জমার তারিখ | : ২৬/০৪/২০১৭                        |

### ২। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) :

- |  |           |
|--|-----------|
| ক) প্রতি বিষয়ে                            | : ১,০০০/- |
| খ) কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না) | : ৫০০/-   |

### ৩। পরীক্ষার্থীদের আর কোন Retake/মানোন্নয়ন পরীক্ষার সুযোগ থাকবে না।

### ৪। ব্যাংক ড্রাফট :

- পরীক্ষার্থীদের ফি পূর্বের মত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ডিডি করার পরিবর্তে “সোনালী সেবা” এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।
- সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.edu.bd](http://www.nu.edu.bd)) সোনালী সেবা Link থেকে Log in করে Pay Slip ডাউনলোড করতে হবে।
- Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

### ৫। উক্ত পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে ০২-৯২৯১০৪২ অথবা ০১৭১৬৫৮০৬৮০ নম্বরে যোগাযোগ করা যাবে।

বদরুজ্জামান  
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

তারিখ : ২৬ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০১৭ খ্রিঃ

স্মারক নং: জাতীয়বিঃ/পরীঃ/প্রফেঃ/এমবিএম/২০১৭/৬৪১২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক, কম্পিউটার ও আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। মহাপরিচালক, বিআইবিএম, মিরপুর-২, ঢাকা।
- ৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
- ৫। অফিস নথি।

মোঃ আবু হোসায়েরা  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।